

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭০৩  
আগরতলা, ০৯ ফেব্রুয়ারী, ২০ ১৮।

আগামীকাল থেকে পোস্টাল ব্যালটে  
ভোট গ্রহণ প্রক্রিয়া শুরু

আসন্ন ত্রিপুরা বিধানসভা নির্বাচনে ভোটের কাজে নিযুক্ত ভোট কর্মীদের পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার প্রক্রিয়া আগামীকাল থেকে শুরু হচ্ছে। এই প্রক্রিয়া চলবে ১৪ ফেব্রুয়ারী পর্যন্ত। মহকুমা সদর কার্যালয়ের আর ও ফ্যাসিলিয়েশন সেন্টারে তারা ভোট দেবেন। আজ সন্ধ্যায় নির্বাচন দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণীকান্তি এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, ১০ এবং ১১ ফেব্রুয়ারী ভোটের কাজে নিযুক্ত পুলিশ ও টি এস আর আধিকারিক এবং জওয়ানরা ভোট দেবেন। আগামীকাল ভোট গ্রহণ হবে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। ১১ তারিখ ভোট গ্রহণ হবে সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত। ১১ তারিখ দুপুর ১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে ভোটের কাজে নিযুক্ত ভোট গ্রহণ কর্মীদের। ১২ তারিখ সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট দেবেন ভোট গ্রহণ কর্মীরা। ১৩ তারিখ সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সময়ে ভোট দেবেন ড্রাইভার, ক্লিনার এবং অন্যান্য কর্মীরা। ১০ থেকে ১৩ তারিখ অন্দি যারা ভোট দিতে পারেননি তারা এবং মাইক্রো অবজারভার, ওয়েবকাস্টিং ক্রুরা ১৪ ফেব্রুয়ারী সকাল ৯টা থেকে ৫টা পর্যন্ত সময়ে জেলা ফ্যাসিলিয়েশন সেন্টারে ভোট দেবেন। ডি ই ও-দের তত্ত্বাবধানে জেলা সদর দপ্তরগুলিতে জেলা ফ্যাসিলিয়েশন সেন্টার কাজ করবে। সিপাহীজলা জেলার ক্ষেত্রে তা হবে বিশালগড়ে। মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণীকান্তি জানান, আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য দুই হাজারের মতো মাইক্রো অবজারভার নিয়োগ করা হয়েছে। তিনি জানান, পুরো নির্বাচনী প্রক্রিয়া পর্যবেক্ষণ করার জন্য ৫২ জন পর্যবেক্ষক থাকবেন এবং তারা সবাই ইতিমধ্যেই রাজ্যে এসে পৌঁছে গেছেন। এর মধ্যে ২৫ জন সাধারণ পর্যবেক্ষক, ১৯ জন ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক এবং ৮ জন পুলিশ পর্যবেক্ষক রয়েছেন।

\*\*\*\*\*